# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 12 May, 2025

কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলার যুবক বেলাল হোসেন (৩৫) ও সঞ্জয় কুমার রায় (২৭) রংপুরের কাউনিয়ায় সড়ক দূর্ঘটনায় মারা গেছেন। রোববার রাত সাড়ে ১১ টার দিকে কাউনিয়ার বড়াইল ব্রিজ

এলাকায় এ দূর্ঘটনা ঘটে।এ ঘটনায় বাসটি জব্দ করেছে পুলিশ।থানায় মামলা হয়েছে।মারা যাওয়া বেলাল হোসেন ফুলবাড়ী উপজেলার চন্দ্রকানা মাস্টারপাড়া এলাকার মৃত আজিম উদ্দিনের ছেলে।

অন্যদিকে সঞ্জয় একই উপজেলার কবির মামুদ খামারটারী এলাকার নিবারণ চন্দ্রের ছেলে।সঞ্জয়ের চাচা সুমন কুমার জানান, সঞ্জয় ও বেলাল একই মোটরসাইকেলে করে রংপর থেকে বাড়ি ফেরার পথে বড়াইল ব্রিজ এলাকায় লালমনিরহাট থেকে আসা শাহ আলী নামে বাসের সাথে তাদের সংঘর্ষ হলে বাসটি উল্টে যায়।এদিকে ঘটনাস্থলে মারা যায় বেলাল ও সঞ্জয়।

পরে মরদেহ উদ্ধার করে থানায় নেয় কাউনিয়া থানা পুলিশ।থানা থেকে মরদেহ ফুলবাড়ীর বাড়িতে নিয়ে আসা হয়েছে।কাউনিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল লতিফ শাহ জানান, সংঘর্ষে বাস উল্টে গিয়ে পাশে পড়ে যায়।বাসের যাত্রীদের ক্ষতি না হলেও ঘটনাস্থলেই মোটরসাইকেলের দুই আরোহী মারা যায়।এ ঘটনায় সড়ক পরিবহন আইনে মামলা হয়েছে।বাসটি জব্দ করা হয়েছে।

কুড়িগ্রাম সড়ক দূর্ঘটনা রংপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:18

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/2349727164